



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধু চেয়ার” প্রবর্তনের সিদ্ধান্ত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৩ সেপ্টেম্বর ২০২০।

মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নামে বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধু চেয়ার” প্রবর্তনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। অদ্য ১৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ বিকাল ৪ টায় অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিডিকেটের ৬৭ তম সভায় সর্বসম্মতি ক্রমে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধু চেয়ার” প্রবর্তনের নিমিত্তে এর জন্য নীতিমালা প্রনয়নে ৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন, উপাচার্য, বরিশাল বিশ্ববিদ্যালয়, সদস্য ড. অমিতাভ সরকার, বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), বরিশাল বিভাগ, সদস্য জনাব সুপ্রভাত হালদার, সহকারি অধ্যাপক, আইন বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয় এবং সদস্য-সচিব অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন, রেজিস্টার (অতিরিক্ত দায়িত্ব) বরিশাল বিশ্ববিদ্যালয়। “বঙ্গবন্ধু চেয়ার” প্রতিষ্ঠার মধ্য দিয়ে বঙ্গবন্ধুর জীবন, কর্ম, রাজনৈতিক দর্শন, মুক্তিযুদ্ধ এবং বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন বিষয়ক গবেষণা ও একাডেমিক কার্যক্রমকে এগিয়ে নেওয়ার লক্ষে এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভায় চলমান মুজিব বর্ষের মধ্যেই ববিত্তে “বঙ্গবন্ধু চেয়ার” এর কার্যক্রম শুরু আশাবাদ ব্যক্ত করা হয়। সভায় সকল সম্মানিত সিডিকেট সদস্য এই উদ্যোগের জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে এই উদ্যোগের উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস